



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫
www.dhakacollege.edu.bd



তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি:

বোর্ড বৃত্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

অত্র কলেজে অনার্স (শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩) ভর্তিকৃত ছাত্রদের নিম্নবর্ণিত বোর্ড থেকে এইচএসসি/আলিম-এ বৃত্তি প্রাপ্ত ও উচ্চমাধ্যমিক শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০২৩-২৪) ভর্তিকৃত ছাত্রদের এসএসসি/দাখিল-এ বৃত্তি প্রাপ্ত ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বোর্ড (ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, যশোর, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ ও বাংলাদেশ মাদ্রাসা বোর্ড) থেকে মেধা ও সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত ছাত্রদের বৃত্তির টাকা উত্তোলনের জন্য বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন যেকোনো তফসিলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে অথবা ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা-মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলে এবং ঢাকা কলেজ ওয়েব সাইট (www.dhakacollege.edu.bd) থেকে গুগল ফর্ম-এ অনলাইনে এন্ট্রি করে এবং তথ্য ফরম ডাউনলোড করে পূরণ করতে হবে। নিম্নোক্ত কাগজপত্রসহ আগামী ৩১/১০/২০২৩ তারিখের মধ্যে উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অফিসে অফিস সহকারী জনাব মো. সোহরাব হোসেন এর নিকট এবং অনার্স শ্রেণির শিক্ষার্থীদের স্ব-স্ব বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

গুগল ফর্ম-এ অনলাইনে এন্ট্রি লিংক <https://forms.gle/BeMk1tdvuNYXvmWy8>

- ১) তথ্য ফরম।
- ২) এসএসসি/দাখিল, এইচএসসি/আলিম এ বৃত্তিপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র।
- ৩) কলেজ ভর্তি ফরমের কপি।
- ৪) বোর্ড থেকে মেধা ও সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত গেজেটের কপি।
- ৫) অনার্স এর শিক্ষার্থীদের জন্য এইচএসসি/আলিম মার্কসীটের কপি।
- ৬) একাদশের শিক্ষার্থীদের জন্য এসএসসি/দাখিল মার্কসীটের কপি।
- ৭) রাউটিং নাম্বারসহ ব্যাংক চেক বই এর পাতা অথবা রাউটিং নাম্বারসহ ব্যাংক স্টেটমেন্ট এর কপি।
- ৮) শিক্ষার্থীদের বৃত্তি গেজেটের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম আবশ্যিক মিল থাকতে হবে।
- ৯) ব্যাংক হিসাবটি বর্তমানে সচল থাকতে হবে।
- ১০) অনলাইন ব্যাংক হিসাব অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে।



উল্লেখ্য, যথাসময়ে গুগল ফর্ম-এ অনলাইনে এন্ট্রি করে এবং তথ্য ফরম পূরণ করে জমা না দিলে এবং বৃত্তির টাকা উত্তোলনের জন্য কোন সমস্যা হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


(অধ্যাপক মোহাম্মদ ইউসুফ)

আইডি নং-৭৬৩৮

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: dhakacollegeprincipal@gmail.com